

পূর্ব বর্ধমান জিলা পরিষদ
বাস্তুকার বিভাগ
কোট কম্পাউন্ড, পোঃ-বর্ধমান
জেলা-পূর্ব বর্ধমান, পিন-৭১৩১০১

তারিখ- ০৭/০২/২০২১

স্মারক সংখ্যা-ডি.ই./টোল/ ৩২২

নিজ খরচায় অস্থায়ী সেতু নির্মাণ সহ সেতুর উপর দিয়ে পারাপার করা সম্পর্কিত টোল ট্যাক্স সংগ্রহের দরপত্র
(সীল মোহর করা থামের মাধ্যমে)


এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, পূর্ব বর্ধমান জিলা পরিষদ-এর অধীন নিম্নলিখিত রাস্তায় জিলা পরিষদের অনুমোদিত দরে ৩ (তিন) বৎসরের জন্য নিজ খরচায় নিম্নস্বাক্ষরকারীর অনুমোদিত নক্সা অনুযায়ী অস্থায়ী সেতু নির্মাণ ও মেরামতি, রক্ষণাবেক্ষণ সহ সেতুর উপর দিয়ে ছোট ছোট যানবাহন, মানুষজন, গবাদি পশু ইত্যাদি দায়বদ্ধতার সঙ্গে পারাপার করার জন্য টোল আদায়ের ইজারা বন্দোবস্তের জন্য সীল করা থামে দরপত্র আহ্বান করা যাইতেছে। নিজ নিজ দরপত্রের জামিন জমার হিসাবে ১০,০০০ (দশ হাজার) টাকার ড্রাফট/পে অর্ডার/ব্যাঙ্কার্স চেক সহ জেলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ-এর অনুকূলে বর্ধমান ব্যাঙ্ক এর উপর প্রদেয় (District Engineer, Purba Bardhaman Zilla Parishad, Payable at Bardhaman) ইং- ১৮/০২/২০২১ বেলা ২.০০ ঘটিকার মধ্যে জমা দিতে হইবে। সর্বোচ্চ ডাকের অর্ধেক টাকা ইং ০১/০৩/২০২১ (সোম বার) তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হইবে। বাকি অর্ধেক টাকা কার্যাদেশ দেওয়ার তারিখ হতে অবশ্যই ৩(তিন) মাসের মধ্যে জমা দিতে হইবে নচেৎ বিনা নোটিশে তার দেওয়া চুক্তিপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং জিলা পরিষদ পুনরায় দরপত্র আহ্বান করিতে পারিবে। পরবর্তীকালে ৫ ডাকে অনাদায়ী ব্যক্তি বা সংস্থার দেওয়া ডাক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না। সকল ডাকদাতাকারীদের সংশ্লিষ্ট বিষয়ে বর্তমান অবস্থা এবং অবস্থান সম্পর্কে অবহিত হইয়া দরপত্র জমা দিতে হইবে। এ বিষয়ে পরে কোন আপত্তি গ্রাহ্য হইবে না। এ প্রসঙ্গে আরও জ্ঞাত করা যাইতেছে যে, সর্বনিম্ন ডাক মূল্য প্রথম বছরের জন্য ৪৫,০০০ (পঁয়তাল্লিশ হাজার) টাকা, পরবর্তী বছরের জন্য ৪৭,৩০০ (সাতচল্লিশ হাজার তিন শত) টাকা এবং তৃতীয় বছরের জন্য ৪৯,৭০০ (উনপঞ্চাশ হাজার সাত শত) টাকা। সর্বনিম্ন সংরক্ষিত মূল্যের কমে পাওয়া দরপত্র গৃহীত হইবে না। জেলা বাস্তুকার অফিসে রক্ষিত নির্দিষ্ট টেন্ডার বক্সে দরপত্র জমা দিতে হইবে এবং ১৮/০২/২০২১ তারিখে দুপুর ২:৩০ ঘটিকায় দরপত্র খোলা হইবে।

কার্যাদেশ প্রেরণের তারিখ হতে ৭ দিনের মধ্যে জিলা পরিষদের অনুমোদিত ফর্মে চুক্তিপত্র সম্পাদন করতে হইবে, নতুবা তাহার কার্যাদেশ বিনা নোটিশে নাকচ হইয়া যাইবে, তৎসহ তাহার দেয় সমস্ত অর্থ বাজেয়াপ্ত হইবে।

সড়কের বিবরণ :- গলশী-২ নং পঞ্চায়েত সমিতির এলাকায় "কুরকুবা তাকিপুর (ভায়া বাহির ঘন্যা) সড়কে খরি নদীম উপর নিজ খরচায় অস্থায়ী সেতু নির্মাণ সহ সেতুর উপর দিয়ে পারাপার করার জন্য টোলট্যাক্স আদায়"।


দরপত্র জমা দেওয়ার স্থান, তারিখ ও সময় :- জেলা বাস্তুকার অফিস, পূর্ব বর্ধমান জিলা পরিষদ ১৮/০২/২০২১ (বৃহস্পতি বার) দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত।

দরপত্র খোলার সময় :- ১৮/০২/২০২১ দুপুর ২:৩০ ঘটিকায়।


০৭/০২/২০২১
জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ
তারিখ - ০৭/০২/২০২১


স্মারক সংখ্যা - ডি.ই./টোল/ ৩২২/৩০

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল :- মাননীয় সভাপতি, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/জেলা শাসক, পূর্ব বর্ধমান ও নির্বাহী আধিকারীক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/অতিরিক্ত নির্বাহী আধিকারীক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/আর্থিক নিয়ামক ও মুখ্য হিসাব আধিকারীক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/কর্মাধ্যক্ষ, পূর্ব কার্য ও পরিবহন স্থায়ী সমিতি, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/সদস্য, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/সচিব, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/মহকুমা শাসক, বর্ধমান উত্তর ও বর্ধমান দক্ষিণ/নির্বাহী বাস্তুকার, পি এন্ড আর ডি, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/সভাপতি, গলশী-২/ভাতার/বর্ধমান-১/আউসগ্রাম-১/আউসগ্রাম-২ পঞ্চায়েত সমিতি/নির্বাহী আধিকারিক, গলশী-২/ভাতার/বর্ধমান-১/আউসগ্রাম-১/আউসগ্রাম-২ পঞ্চায়েত সমিতি/প্রধান, কুড়কুবা, বিলুগ্রাম, বাঘাড-১ ও ২ গ্রাম পঞ্চায়েত/সহ-বাস্তুকার, পি.এন্ড.আর.ডি., পূর্ব বর্ধমান জিলা পরিষদ/সহ বাস্তুকার, এস্টিমেট সেকশন/অবর সহ বাস্তুকার, এস্টিমেট সেকশন সহ সকল/ডি এ, (বাস্তুকার বিভাগ)।


০৭/০২/২০২১
জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ
তারিখ - ০৭/০২/২০২১

স্মারক সংখ্যা - ডি.ই./টোল/ ৩২২/৬০/০২

প্রতিলিপি উপ সচিব / ডি.আই.এ., বর্ধমান জিলা পরিষদ মহাশয়কে ওয়েব সাইট <http://www.burdwanzp.org/> / <http://www.bardhaman.nic.in> -তে সম্প্রচারের জন্য প্রেরিত হল / জিলা পরিষদের নোটিশ বোর্ড -এ প্রকাশ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা যাইতেছে।


০৭/০২/২০২১
জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ